# ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
## রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং-আইবিএসসি/৩৫ (২০২৫-২০২৬)/০৯ **এমফিল/পিএইচ ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি** তারিখ: ২১.০১.২০২৫ ইং

**শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬**

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস (আইবিএসসি), রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন দুই বছর মেয়াদী এমফিল ও তিন বছর মেয়াদী পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। জীব বিজ্ঞান, কৃষি, চিকিৎসা এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এই প্রোগ্রামে আবেদন করতে পারবেন। ভর্তি প্রাপ্ত গবেষকগণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক একাডেমিক কমিটি কর্তৃক নির্ধারিত এমফিল ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং পিএইচডি ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা মাসিক ফেলোশীপ পাবেন। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চাকুরীরত প্রার্থীকে এমফিল কোর্সে গবেষণার জন্য ১ (এক) বছর এবং পিএইচডি'র জন্য ২ (দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

**(ক) এমফিল কোর্সে ভর্তির যোগ্যতা: জীব বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে।**

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে নূন্যতম প্রথম বিভাগ অন্যটিতে নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষায় প্রতিটিতে ৪র্থ বিষয়সহ নূন্যতম জিপিএ ৩.৭৫ থাকতে হবে।

২. বিজ্ঞান/জীব বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত বিভাগসমূহ/শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান থেকে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিএস-সি (অনার্স)/বিএস-সি এজি (অনার্স)/সমমান এবং এম.এস-সি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় নূন্যতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় নূন্যতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে নূন্যতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে নূন্যতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

অথবা

৩. যে সকল প্রার্থী উপরের বর্ণিত উপধারা ১ ও ২-এর জন্য শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ করেন না, তাঁরা এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের ডিগ্রী পর্যায়ে -

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত) / সরকারী কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(খ) স্নাতক (সম্মান)পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজের স্নাতক/ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোনো স্বীকৃত পীয়ার রিভিউড জার্নালে বিষয় ভিত্তিক ন্যুনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত থাকে।

উপ-ধারা ৩ (ক), (খ) ও (গ) বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের শিক্ষা জীবনে কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.২৫-এর কম থাকলে এমফিল প্রেগ্রামে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এমফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না। তবে এমফিল ডিগ্রী অর্জনের পর নতুন গবেষণা শিরোনামে পিএইচডি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

**(খ) পিএইচ ডি কোর্সে ভর্তির যোগ্যতা: জীব বিজ্ঞান/ কৃষি বিজ্ঞান/শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান এবং বিজ্ঞান অনুষদের জীব বিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে।**

১. প্রার্থীর এমফিল বিধির উপধারা (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এমফিল/সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং রাজশাহী বিশ্বিদ্যালয় সহ অন্য স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম ফিল ডিগ্রীপ্রাপ্তগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

২. প্রার্থীর যদি এমফিল বিধির ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশীপ অর্জন করে থাকেন, তাহলে তাঁরা পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

৩. এমফিল বিধির উপধারা (১) ও (২)-এর শিক্ষাগত যোগ্যতাসহ -

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত) / সরকারি কলেজে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(খ) স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

অথবা

(গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোনো স্বীকৃত পীয়ার রিভিউড জার্নালে নূন্যতম ৩ (তিনটি) গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচডি প্রোগ্রামে ভর্তি আবেদন জমা দিতে পারবেন। তবে, শিক্ষাজীবনে কোন পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.২৫-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

**ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং দাখিলের জন্য অনুগ্রহ পূর্বক ওয়েব সাইড ভিজিট করুন:**

http://www.mphibscru.com/admission/MPH এই পোর্টালের ভর্তি অপশন হতে M.Phil অথবা Ph.D নির্বাচন করুন। যথাযথভাবে সমস্ত তথ্যাদি পূরনের পর আবেদনকারীকে এই পোর্টালের পছন্দনীয় অপশনের মাধ্যমে অর্থ ২০৫০/- (দুই হাজার পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র দাখিল সম্পন্ন হবে না। অনলাইনে আবেদন জমার পর, আবেদনকারীকে পুরণকৃত ফর্মটি ডাউনলোড করে প্রিন্ট কপিতে স্বাক্ষর করতে হবে। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র, মার্কস সার্টিফিকেট ও অভিজ্ঞতার সত্যায়িত ফটোকপি সংযুক্ত করত: অবশ্যই আবেদন জমা দেয়ার ৭ দিনের মধ্যে পোষ্টাল মেইল বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে **মোঃ আবু বকর সিদ্দিক, সচিব (ভারপ্রাপ্ত)**, রুম # ৪৪১, (৩য় তলা), ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয় বরাবর পাঠাতে হবে।

**আবেদনের সময়সীমা: ২৭ ফেব্রুয়ারী, ২০২৫**

বিস্তারিত জানতে কল করুন: ০১৭৮৫-৩৩০৩৮৭ মোঃ আবু বকর সিদ্দিক, সচিব (ভারপ্রাপ্ত)।

স্বা/-
**পরিচালক**
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং-আইবিএসসি/৩৫ (২০২৫-২০২৬)/০৯

তারিখ: ২১.০১.২০২৫ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. রেজিস্ট্রার, রাজশাহী/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/বাংলাদেশ কৃষি/প্রকৌশল/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/উন্মুক্ত/হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/যশোর বিজ্ঞান প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু কৃষি/কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি/ জাতীয় বিশ্ববিদ্যালয় / গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২. সচিব .................................... মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩. ডীন / অধ্যক্ষ ...........................................................
৪. পরিচালক/সভাপতি.........................................................
৫. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক পর্যায়ের কলেজ সমূহ।
৬. অফিস নথি ...............................................................

21/01/25

**পরিচালক**
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৫

পরিচালক
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস
রাজশাহী বিশ্ববিদ্যালয়